দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN 5 1999
পৃষ্ঠা ৪ কলাম ৩

102

# বেসরকারী কলেজে শিক্ষক নিয়োগ বিধি প্রসঙ্গে

উপরোক্ত শিরোনামে গত ২৬শে এপ্রিল দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে প্রকাশিত পত্রখানি পাঠ করিয়া বিস্মিত হইলাম। পত্রলেখকগণ স্নাতক পর্যায়ে সম্মান থাকার বিষয়টিকে উত্তম শিক্ষক তথা উত্তম মেধার মানদন্ড গণ্য করিয়াছেন বলিলে অত্যুক্তি হইবে না। সঙ্গত কারণে তাঁহাদের সহিত সম্পূর্ণ ভিন্ন মত পোষণ করিতেছি। প্রসঙ্গত উল্লেখ্য যে, আমার জনৈক সতীর্থ প্রথম শ্রেণী হইতে উচ্চ মাধ্যমিক পর্যন্ত প্রত্যেক শ্রেণীতেই প্রথম স্থান অধিকার করিয়াছিল। প্রাথমিক ও জুনিয়ার বৃত্তিও পাইয়াছিল। মাধ্যমিকে স্টার মার্ক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সাফল্যজনক ফলাফল করিয়া ১৯৮৮ সনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গণিত সম্মান শ্রেণীতে ভর্তি হয়। পাশাপাশি একটি কলেজ হইতে পাস কোর্সে স্নাতক ডিগ্রী লাভের পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে এম,বি,এ-তে ভর্তির সুযোগ পাইলে সে গণিত বিভাগ ছাড়িয়া দেয়। অতঃপর জীবনের কিছু আকস্মিক উত্থান-পতনের কারণে সে তাহার এম,বি,এ পাঠও চালাইয়া যাইতে অসমর্থ হয়। পরবর্তী সময়ে চতুর্থ স্থানসহ স্নাতকোত্তর ২য় শ্রেণী লাভ করিয়া মফস্বলের একটি ডিগ্রী কলেজে পাঠদান করিয়া মাসখানেকের মধ্যে সে ব্যাপক সুনাম অর্জন করে। বর্তমানে সে ঢাকার একটি স্কুল এন্ড কলেজে কর্মরত। সম্প্রতি ইংরেজী ঘেঁষা একটি বিখ্যাত কলেজেও সে খন্ডকালীন প্রভাষক হিসাবে পাঠদানের সুযোগ পাইয়াছে। উক্ত পত্রের লেখকগণ কি তাঁহাকে কলেজ শিক্ষক হিসেবে অযোগ্য গণ্য করিবেন? আমাদের দেশে প্রখর মৌলিক জ্ঞানসম্পন্ন অসংখ্য মেধাবী শিক্ষার্থী নানা কারণে স্নাতক পর্যায়ে সম্মান পড়েন না। পক্ষান্তরে সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীধারী হাজার হাজার শিক্ষার্থী ক্ষীণ মেধা ও মৌলিক জ্ঞানের কারণে বাংলা-ইংরেজীতে সঠিকভাবে পাঁচ-দশ লাইনও বানাইয়া লিখিতে সমর্থ হন না। একই দশা গণিত-বিজ্ঞানেও। শুধু স্নাতক সম্মানেই মেধার লক্ষণ ফুটিয়া উঠিবে; স্নাতক পূর্ববর্তী উত্তর ফলাফল কী দোষ করিল? কাজী নজরুল বাংলায় কিংবা শেক্সপীয়র ইংরেজীতে সম্মান পড়েন নাই। তাঁহাদের পুস্তক কি সম্মান ও স্নাতকোত্তর পর্যায়ে পাঠ্য নয়? অতএব মেধার সহিত স্নাতক সম্মানের যে গভীর সম্পর্ক মান্যবর পত্রলেখকগণ খুঁজিয়া পাইয়াছেন, তাহা ততখানি গভীর নয়। সম্মানবিহীন স্নাতকগণ দুর্নীতিরও কারণ নহে। শিক্ষকতা পেশাটিও একটু ভিন্ন ধাঁচের। উত্তম শিক্ষক হইবার জন্য বড় বড় ডিগ্রীই যথেষ্ট নহে। প্রখর বাস্তব জ্ঞান, হৃদয়গ্রাহী প্রকাশভঙ্গি, আকর্ষণীয় ব্যক্তিত্ব প্রভৃতিও আবশ্যক। আর তাই কলেজ শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারী এবং বেসরকারী উভয় পর্যায়ে উল্লেখিত বিষয়াদির প্রতি লক্ষ্য রাখিতে এবং সেই সাথে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিক্ষক নিয়োগ বিধি অটুট রাখিবার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

-নাম প্রকাশে অনিচ্ছুক।